রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ১২, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রাষ্ট্রপতির সচিবালয়

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা ২৬শে কার্তিক, ১৩৯৭/১১ই নভেম্বর, ১৯৯০

এস, আর, ও নং, ৩৮৯-আইন/৯০—অস্হাবর সম্পত্তি হুকুমদখল আইন, ১৯৮৮ (১৯৮৮ সনের ২৬ নং আইন)-এর ধারা ১০এ প্রদত্ত ক্ষমতাবলে এবং আপাততঃ বলবৎ এতদসংক্রান্ত সকল বিধি বাতিলক্রমে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা অস্হাবর সম্পত্তি হুকুমদখল (ক্ষতিপূরণ) বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালার "কমিটি" অর্থ বিধি ৩ এর অধীন গঠিত ক্ষতিপূরণ কমিটি।

৩। ক্ষতিপূরণ নির্ধারণ কমিটি।—(১) হুকুমদখলকৃত কোন স্হলযান বা জলযানের ক্ষতিপূরণ নির্ধারণ করিবার জন্য প্রতিটি প্রশাসনিক জেলায় ক্ষতিপূরণ নির্ধারণ কমিটি নামে একটি কমিটি গঠিত হইবে।

(২) কমিটি নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা—

(ক) ডেপুটি কমিশনার, যিনি উহার সভাপতিও হইবেন ;

(খ) জেলার পুলিশ সুপার ;

(গ) জেলায় কর্মরত সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী ;



মূল্য : ৩০ পয়সা

(ঘ) স্থলযানের ক্ষতিপূরণ নির্ধারণের ক্ষেত্রে, জেলায় কর্মরত, যদি থাকে ; বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটির প্রধান কর্মকর্তা;

(ঙ) জলযানের ক্ষতিপূরণ নির্ধারণের ক্ষেত্রে জেলায় কর্মরত, যদি থাকে ; আভ্যন্তরীণ নৌ-পরিবহণ কর্তৃপক্ষের প্রধান কর্মকর্তা।

(৩) কমিটি, এই বিধিমালার বিধান সাপেক্ষে, হুকুমদখলকৃত যে কোন স্থলযান বা জলযানের ক্ষতিপূরণ নির্ধারণ করিবে।

৪। **হুকুমদখলে বাধা-নিষেধ ইত্যাদি।**— (১) অত্যন্ত জরুরী প্রয়োজন ব্যতিরেকে কোন কর্তৃপক্ষ কোন স্থলযান বা জলযান হুকুমদখল করিবার জন্য ডেপুটি কমিশনারকে অনুরোধ করিবেন না এবং ডেপুটি কমিশনার কোন স্থলযান বা জলযান হুকুমদখল করিবেন না।

(২) সরকার কর্তৃক নির্দেশিত না হইলে, ডেপুটি কমিশনার এমন কোন স্থলযান হুকুমদখল করিবেন না যে স্থলযান তিনি যে জেলার ডেপুটি কমিশনার সেই জেলা গঠিত হইবার পূর্বে উহা যে জেলার অংশ ছিল অধুনালুপ্ত সেই বৃহত্তর জেলার অন্তর্গত কোন স্থানে, উক্ত বৃহত্তর জেলার অবলুপ্তির পূর্বে ও পরে, রেজিস্ট্রিকৃত নয়।

(৩) ডেপুটি কমিশনারের বিবেচনায় বিশেষ জরুরী না হইলে, কোন স্থলযান বা জলযান এককালীন ৫ দিনের অধিক সময়ের জন্য হুকুমদখল করা হইবে না।

(৪) হুকুমদখল অবমুক্তির তারিখ হইতে তিনমাস অতিবাহিত হইবার পূর্বে কোন স্থলযান বা জলযানকে পুনরায় হুকুমদখল করা যাইবে না।

(৫) কোন স্থলযান বা জলযান হুকুমদখলের সময়, উহা কতদিন হুকুমদখলে রাখা হইবে এবং কি উদ্দেশ্যে হুকুমদখল করা হইতেছে তাহা হুকুমদখলনামায় স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৫। **বাস, ট্রাক ও মিনিবাসের ক্ষতিপূরণ ইত্যাদি।**— (১) কমিটি হুকুমদখলকৃত প্রত্যেক বাস, ট্রাক ও মিনিবাসের ক্ষতিপূরণ বাবদ এমন ক্ষতিপূরণ নির্ধারণ করিবে যাহার পরিমাণ দৈনিক অনূর্ধ পাঁচশত টাকা হইবে :

তবে শর্ত থাকে যে, সরকার, সময় সময়, ক্ষতিপূরণের উক্ত সর্বোচ্চ টাকার পরিমাণ পুনঃ নির্ধারণ করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, হুকুমদখলকৃত বাস, ট্রাক ও মিনিবাস ব্যবহারকারী কর্তৃপক্ষ উহাদের প্রত্যেক চালক ও শ্রমিককে দৈনিক ৫০ টাকা হারে খোরাকী ভাতা প্রদান করিবেন।

৬। **অন্যান্য স্থলযান এবং জলযানের ক্ষতিপূরণ।**—বিধি ৫ এ উল্লেখিত স্থলযান ব্যতীত অন্যান্য স্থলযান এবং কোন জলযান হুকুমদখল করা হইলে তজ্জন্য প্রদেয় ক্ষতিপূরণ কমিটি নির্ধারণ করিবে।

৭। **ক্ষতিপূরণের টাকা অগ্রিম প্রদান ইত্যাদি।**— (১) হুকুমদখলকৃত স্থলযান বা জলযানের জন্য প্রদেয় ক্ষতিপূরণের টাকা উক্ত যান ব্যবহারকারী কর্তৃপক্ষ ডেপুটি কমিশনারের নিকট অগ্রিম জমা করিবে।

(২) হুকুমদখলকৃত স্থলযান ও জলযান অবমুক্ত করিবার সময় ক্ষতিপূরণের সমুদয় অর্থ ডেপুটি কমিশনার নগদে সংশ্লিষ্ট যানের মালিক বা চালকের নিকট প্রদান করিবেন।

৮। রক্ষণাবেক্ষণ খরচ ইত্যাদি।— হুকুমদখলকৃত যে কোন স্থলযান বা জলযানের রক্ষণাবেক্ষণ, জ্বালানী, মবিল এবং অন্যান্য খাতে ব্যয়িত অর্থ উহাদের ব্যবহারকারী কর্তৃপক্ষ বহন করিবে।

৯। ক্ষতিগ্রস্ত সম্পত্তির ক্ষতিপূরণ।— (১) যদি সচরাচর ব্যবহারজনিত কারণ ছাড়া অন্য কোন কারণে হুকুমদখলকৃত কোন স্থলযান বা জলযান ক্ষতিগ্রস্ত হয়, তাহা হইলে ক্ষতিগ্রস্ত যানটিকে হুকুমদখল করিবার অব্যবহিত পূর্বের অবস্থায় ফিরাইয়া আনিবার জন্য প্রয়োজনীয় খরচের পরিমাণ/ক্ষতিপূরণ কমিটি নির্ধারণ করিবে।

(২) উপ-বিধি (১)-এর অধীন ক্ষতিপূরণের জন্য ক্ষতিগ্রস্ত স্থলযান বা জলযানের মালিক যানটিকে হুকুমদখল হইতে অবমুক্তি করিবার সংগে সংগে ডেপুটি কমিশনারের নিকট আবেদন করিবেন।

(৩) উপ-বিধি (১) এর অধীন নির্ধারিত ক্ষতিপূরণ যানটির ব্যবহারকারী কর্তৃপক্ষ উহা নির্ধারণ করিবার তারিখ হইতে সাত দিনের মধ্যে নগদে যানটির চালকের নিকট পরিশোধ করিবে।

১০। আপীল।— বিধি ৯ এর অধীন নির্ধারিত ক্ষতিপূরণ সংশ্লিষ্ট স্থলযান বা জলযানের মালিক যদি অপর্যাপ্ত মনে করেন, তাহা হইলে তিনি উক্ত ক্ষতিপূরণ প্রদানের তারিখ অতিবাহিত হইবার পূর্বে বিভাগীয় কমিশনারের নিকট আপীল করিতে পারিবেন এবং এই ব্যাপারে বিভাগীয় কমিশনারের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম, এ, হাকিম

অতিরিক্ত সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোহাম্মদ মাহফুজুল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।